বাফুফে সম্মানীত সভাপতির মাসিক রিপোর্ট, মে ২০২২

একটি দেশের ক্রীড়া ও প্রতিভাবান খেলোয়াড়দের উন্নয়ন ও বিকাশ নির্ভর করে দেশটির ক্রীড়া পরিচালনা কমিটি বা অভিভাবকের উপর। প্রকৃত পক্ষে এই কাজটি করার লক্ষ্যে বাংলাদেশ ফুটবল ফেডারেশন "ফুটবল সম্প্রদায়ের সেবা করা" স্লোগানটিকে সামনে রেখে এগোচ্ছে। বাফুফে এই সেবা বাস্তবায়নের লক্ষ্যে অদ্যবধি ফুটবল সংশ্লিষ্ট ব্যক্তি এবং গোষ্ঠীর সাথে সম্পর্ক উন্নয়ন কাঠামো ও দক্ষতা প্রতিষ্ঠাকরণের মাধ্যমে এ পর্যন্ত অনেক উন্নয়নমূলক কাজ করেছে এবং ভবিষ্যৎ প্রজন্মের সঠিক বিকাশের লক্ষ্যে অবিরাম কাজ করে যাচ্ছে। তারই লক্ষ্যে গত ২০১৬ সালে "ন্যাশনাল ফুটবল ডেভেলপমেন্ট প্ল্যান" হাতে নেয়া হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যে অনেক বাধা-বিপত্তি ও চ্যালেঞ্জ অতিক্রম করে সামনে এগিয়ে যাওয়ার জন্য আমরা বদ্ধ পরিকর। আন্তর্জাতিকভাবে বাংলাদেশ দলকে একটি শক্তিশালী এবং প্রতিযোগিতাপূর্ন ফুটবল দল হিসেবে গড়ে তুলতে আমাদের অবশ্যই উদ্ভাবন, দক্ষতা ও কার্যকারিতা প্রয়োগের মাধ্যমে প্রাপ্ত বিভিন্ন সুযোগকে কাজে লাগাতে হবে। আমি এই লক্ষ্য অর্জনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এগিয়ে যাওয়ার জন্য আমাদের ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার করব।

টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২ঃ
'টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এর দ্বিতীয় পর্বের খেলা চলমান রয়েছে। আমাদের জাতীয় ফুটবল দলের উন্নয়ন পরিকল্পনার অংশ হল আমাদের খেলোয়াড়, কোচ এবং রেফারির মাধ্যমে খেলার বিকাশে সহায়তা করার জন্য একটি পেশাদার মডেল প্রদান করা। আমাদের ক্লাবগুলির সাথে তাদের পরিকল্পনা, পরিকাঠামো এবং ক্লাবের পরিবেশকে শক্তিশালী করার জন্য কাজ চালিয়ে যেতে হবে।

ফিফা বিশ্বকাপ (কাতার) ২০২২ঃ
ফিফা বিশ্বকাপ (কাতার) ২০২২ এর উত্তেজনা শুরু হয়ে গিয়েছে। এই উত্তেজনা ও ম্যাচ টিকেট বিতরনের জন্য ৭ (সাত) সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে যারা সার্বিক বিচার বিশ্লেষণের মাধ্যমে সুষ্ঠু ও নিয়মতান্ত্রিকভাবে বাফুফের নিকট আবেদনকারীদের জন্য টিকেট বরাদ্দ করবে। কমিটির সদস্যগণ ফিফা কর্তৃক প্রদত্ত নিয়ম ও প্রবিধান অনুসরণ করে টিকেটের সুষম বন্টন করবে। উক্ত কমিটির সাথে জড়িত সবাইকে আমি ধন্যবাদ জানাই।

ফিফা কারিগরি সহায়তা প্রকল্পঃ
বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা ফুটবল ব্যবস্থাপনা ও পরিচালনা, যুব দল, একাডেমি দল ও জাতীয় দল এর উপর অদ্যবধি আমাদের কাজের ভূয়সী প্রশংসা করেছে এবং কোচ এডুকেশন, তৃণমুল ফুটবল, মহিলা ও পুরুষ একাডেমি এবং আন্তর্জাতিক বয়স ভিত্তিক দলের প্রতিযোগিতাসমূহে সাফল্যের জন্য সার্বিক সহযোগিতা করার প্রতিশ্রুতি ব্যক্ত করেছে। ফিফা আমাদের কাজের প্রতি মুগ্ধ এবং আমরা যেভাবে এগিয়ে যাচ্ছি তার জন্য সাধুবাদ জানিয়েছে। ফিফা আমাদের সাথে 'ট্যালেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম' প্রকল্প নিয়ে যেভাবে কাজ করছে তা নিয়ে আমি অত্যন্ত আশাবাদী।

বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২ঃ
'বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২' এর খেলা বাংলাদেশের ৮ (আট) টি আঞ্চলিক ভেন্যুতে ৫১টি দলের অংশগ্রহনে চলমান রয়েছে। স্কুল বয়সের খেলোয়াড়দের নিয়মিত ও ধারাবাহিকভাবে ম্যাচসমূহ অ্যাক্সেস করার এবং তাদের প্রতিভাকে কাজে লাগানোর সুযোগ দেওয়ার জন্য এটি সত্যিই একটি দুর্দান্ত উপায়। সমস্ত খেলোয়াড়ের উপর সতর্ক দৃষ্টি রাখার জন্য আমরা ম্যাচসমূহ ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করব।

জাতীয় ক্রীড়া পুরস্কার ঃ

ক্রীড়া (ফুটবল) এবং অন্যান্য শাখায় অবদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যোগ্য ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের 'জাতীয় ক্রীড়া পুরস্কার' প্রদান করা হয়েছে। বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি কাজী নাবিল আহমেদ, এমপি এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ ইলিয়াস হোসেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ক্রীড়া (ফুটবল) ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ 'জাতীয় ক্রীড়া পুরস্কার' প্রাপ্তির জন্য আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলঃ

ইন্দোনেশিয়ার বিরুদ্ধে আমাদের প্রতীক্ষিত ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ ইন্দোনেশিয়ায় পহেলা জুন ২০২২ এ অনুষ্ঠিত হবে এবং 'এএফসি এশিয়ান কাপ চায়না ২০২৩, কোয়ালিফায়ার্স' এর ম্যাচসমূহ মালয়েশিয়ায় অনুষ্ঠিত হবে। এবার আমাদের আবাসিক প্রস্তুতি প্রশিক্ষণ শিবিরে অনেক তরুণ প্রতিভা দেখা গিয়েছে। ফেডারেশনের টেকনিক্যাল ডিরেক্টর পল স্মলির নেতৃত্বে জাতীয় দলের প্রশিক্ষকগণ খেলোয়াড়দের সাথে বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচির মাধ্যমে সম্পর্ক স্থাপন করেছে। আমি খেলোয়াড়দের অগ্রগতি ও প্রস্তুতি পর্যবেক্ষণের লক্ষ্যে বসুন্ধরা কিংস এ্যারেনায় গিয়েছিলাম। আমি খেলোয়াড় ও প্রশিক্ষকদের সঙ্গে কথা বলেছি এবং প্রশিক্ষণ দেখেছি। প্রধান প্রশিক্ষকের সাথে খেলোয়াড়দের যে সম্পর্ক, বন্ধন ও সংযোগ ছিল এবং প্রশিক্ষকের কর্মকান্ড দেখা ও শোনার আগ্রহ দেখে আমি সন্তুষ্ট। আমার খেলোয়াড়ী জীবনে কঠোর পরিশ্রম, প্রতিশ্রুতি এবং ইচ্ছাশক্তি এমন প্রবল ছিল যা সম্পর্কে আমি কখনই আপস করিনি। আমি আমার নিজের অনুশীলন এবং আমার শারীরিক অবস্থার উপর কাজ করার জন্য ঘন্টার পর ঘন্টা ব্যয় করেছি। আমরা এখন খেলোয়াড়দের জন্য আমাদের জাতীয় একাডেমিতে একটি অভিজাত পথ তৈরি করেছি এবং আমি খুশি হয়েছি এটা দেখে যে আমাদের জাতীয় দলের অনুশীলন ক্যাম্পে বাফুফে এলিট একাডেমীর কিছু তরুণ উদীয়মান খেলোয়াড় মূল্যবান অভিজ্ঞতা অর্জন করার সুযোগ পেয়েছে। আমি ভবিষ্যতের জন্য আশাবাদী কিন্তু আমাদের অবশ্যই ধৈর্য্য ধরে নিরলসভাবে কাজ করতে হবে। আমি বসুন্ধরা কিংস কে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে চাই জাতীয় দলকে তাদের কমপ্লেক্স ও মাঠের সার্বিক সুযোগ-সুবিধা ব্যবহার করতে দেয়ায় এবং তাদের সহযোগিতা ও সমর্থন এর জন্য।

এএফসি কাপ ২০২২ঃ

দুর্ভাগ্যবশত, বসুন্ধরা কিংস কলকাতার সল্টলেক স্টেডিয়ামে তাদের শেষ গ্রুপ ম্যাচে ভারতের গোকুলাম কেরালার বিপক্ষে ২-১ গোলে জয় সত্ত্বেও এএফসি কাপের নকআউট পর্বে যেতে ব্যর্থ হয়। এদিকে মোহনবাগান মারজিয়া স্পোর্টস একাডেমি ক্লাবকে ৫-২ গোলে পরাজিত করেছে, যার অর্থ ছিলো, সমান ছয় পয়েন্ট থাকা সত্ত্বেও, এটিকে মোহনবাগান বসুন্ধরা কিংসকে পিছনে ফেলে টেবিলের শীর্ষে উঠলেও পরে হেড-টু-হেড রেকর্ডের সমীকরণে বাদ পরে যায়। এএফসি কাপ আমাদের দেশের ক্লাবগুলোর অভিজ্ঞতার জন্য একটি নতুন মাত্রা। দুর্ভাগ্যবশত আমাদের জাতীয়দলের খেলোয়াড় তপু বর্মণকে স্কোয়াড থেকে বাদ দেওয়া হয়েছে কারণ সে তার হাঁটুর অস্ত্রোপচার করেছে, যদিও সে সেরে উঠছে এবং আমি আশা করি সে শীঘ্রই মাঠে ফিরে আসবে। বসুন্ধরা কিংসের সকল খেলোয়াড়, স্টাফ ও কর্মকর্তাদের প্রতি আমার শুভ কামনা রইলো।

এএফসি গ্রাসরুটস ফুটবল ডে ২০২২ঃ

এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) এর সহযোগিতায় 'এএফসি গ্রাসরুট ফুটবল ডে ২০২২' ঢাকা, সাতক্ষীরা, শেরপুর এবং পটুয়াখালী জেলায় একযোগে প্রতি বছরের ন্যায় আয়োজন করা হয়েছে। ফেডারেশনের একাডেমি অ্যাক্রিডিটেশন স্কিমের আওতায় বাফুফে অনুমোদিত একাডেমিসমূহ থেকে প্রতিটি ভেন্যুতে ২০০ এর অধিক কিশোর ফুটলারগণ এই দিনটি উদযাপন করে। অংশগ্রহণকারী সকল খেলোয়াড়দের মাঝে টি-শার্ট, সার্টিফিকেট ও রিফ্রেশমেন্ট বিতরণ করা হয়। আমি সবসময় বলি, ফুটবলের হার্ট বিট বা হাতে খড়ি সবসময় তৃণমূল পর্যায় থেকে শুরু হয়। আমাদের ফুটবলের বিনিয়োগের ক্ষেত্রে আমরা বাংলাদেশের জেলা ও বিভাগসমূহে আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য যা করা সম্ভব তার সর্বোচ্চ চেষ্টা করবো। আবারো সবাইকে ধন্যবাদ জানাই।

পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২ঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে এবং পাইওনিয়ার ফুটবল লীগ কমিটির ব্যবস্থাপনায় ঢাকার ৫টি ভেন্যুতে ৪৬ টি ফুটবল দলের অংশগ্রহণে ২৮ তম 'বসুন্ধরা গ্রুপ পাইওনিয়ার (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২' এর উদ্বোধনী গত ২৮ মে ২০২২ তারিখ, বিকাল ৩.০০ ঘটিকায় বসুন্ধরা স্পোর্টস কমপ্লেক্সে 'বসুন্ধরা কিংস এ্যারেনা' স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।

********** **********